শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা ঢাকা-১২০৮
www.bnfe.gov.bd

নং : ৩৮.৩০২.০২০.০০.০২.০১৫.২০১৪- ৪৮৭    তারিখ : ২৪ ভাদ্র ১৪২৬ / ০৮ সেপ্টেম্বর ২০১৯

বিষয়ঃ সরকারি তথ্যাদি আদান প্রদানের ক্ষেত্রে ই-মেইল ব্যবহার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত বছরসমূহের ন্যায় চলতি বছরেও (৩২১১১১৭ কোড)-ইন্টারনেট খাতে অর্থ বরাদ্দ দেয়া হয়েছে। এছাড়া সকল জেলা কার্যালয়ের জন্য ই-মেইল আইডিসহ পাসওয়ার্ড অনেক আগেই অত্র কার্যালয় হতে প্রেরণ করা হয়েছে। এ সংক্রান্ত কার্যক্রম জোরদার করার জন্য সকল জেলাতেই অত্যাধুনিক কম্পিউটার, প্রিন্টার ও স্ক্যানার ইত্যাদি সরবরাহ/সংগ্রহের জন্য এবং ই-মেইল করার জন্য অর্থ বরাদ্দ করা হয়েছে। লক্ষ্য করা যাচ্ছে যে, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো হতে ইতোপূর্বে তাঁর জেলার জন্য যে ই-মেইল ID প্রদান করা হয়েছিল, সেই ই-মেইল ID থেকে ই-মেইল প্রেরণ না করে অন্য ই-মেইল থেকে মেইল প্রেরণ করা হয়।

২। এখন থেকে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো থেকে জেলা কার্যালয়ে ব্যুরো কর্তৃক নির্দিষ্টকৃত ই-মেইলে তথ্যসমূহ প্রেরণ করা হবে।

৩। ব্যুরো কর্তৃক নির্দিষ্টকৃত ই-মেইল ID ছাড়া জেলা পর্যায় থেকে কোন ই-মেইলে তথ্য প্রেরণ করা হলে তা গ্রহণ করা হবে না।

৪। ই-মেইলে তথ্য আদান-প্রদানের ক্ষেত্রে ব্যুরো কর্তৃক নির্ধারিত ই-মেইল আইডি ব্যতীত কোন ই-মেইল আইডিতে তথ্য আদান প্রদানের ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

বর্ণিতাবস্থায়, তাঁর দপ্তরের জন্য বরাদ্দকৃত ই-মেইল আইডি সচলকরত: এখন হতে এর মাধ্যমে সকল প্রকার যোগাযোগ কার্যক্রম পরিচালনার করার জন্য পরামর্শ প্রদান করা হলো। এ সংক্রান্ত নির্দেশাবলীর কঠোরভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৪.০৯.১৯

তপন কুমার ঘোষ
মহাপরিচালক
ফোন : ৯৮৮৭৮৯৫

কার্যার্থে:

সহকারী পরিচালক (সকল), জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
জেলা: ......................।

অনুলিপিঃ

১। সিষ্টেম এনালিষ্ট, উশিব্যু (পত্রটি ব্যুরোর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

D:\distict letter 21.10.14.docx